**বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন**
**প্রশাসন বিভাগ, সদর দফতর, ঢাকা।**

অফিস আদেশ নম্বর: ০১.৬৪৫.২০২৫

তারিখ : ১৯.০৫.২০২৫

## অফিস আদেশ

যেহেতু, জনাব ইমন ধর (পি.এফ-১১২১), সিনিয়র প্রিন্সিপাল অফিসার, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন, শ্রীমঙ্গল শাখা, শ্রীমঙ্গল, এর ম্যানেজার হিসেবে দায়িত্বপালনকালে শারীরিক অসুস্থতাজনিত (Fistula in Ano) কারণে কর্তৃপক্ষের অনুমতিক্রমে বিগত ১৩.০৬.২০২২ হতে ২৬.০৬.২০২২ তারিখ পর্যন্ত ছুটি ভোগ করেন এবং অনুমোদিত ছুটি ভোগের পর কাজে যোগদান না করে অসুস্থতার মিথ্যা অজুহাত প্রদান করে ২৭.০৬.২০২২ হতে ১০.০৭.২০২২ তারিখ পর্যন্ত ছুটি বৃদ্ধির আবেদন করেন। বর্ধিত ছুটি ভোগ শেষেও তিনি কাজে যোগদান না করে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১২ (সর্বশেষ সংশোধনীসহ) এর প্রবিধি ৩৭, উপ-প্রবিধি (ক), (খ), (গ) ও (ট) মোতাবেক তার বিরুদ্ধে যথাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা", "অসদাচরণ", "পলায়ন" এবং "উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মে অনুপস্থিতি" এর অভিযোগ আনয়ন করে বিগত ১১.০৮.২০২২ তারিখের এইচবি/এইচও/এডি-৪৩৭(২২)/১০৬২ স্মারকমূলে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং পত্র প্রাপ্তির ১০ কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়; এবং

যেহেতু, জনাব ইমন ধর চার্জশীটের জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মে অনুপস্থিত থাকেন, কতৃপক্ষ কর্তৃক বিভাগীয় মামলাটি তদন্ত করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং সদর দফতর, প্রশাসন বিভাগের ১১.১২.২০২২ তারিখের এইচবি/এইচও/এডি-৪৩৭(২২)/৪৭৫৭ নম্বর স্মারকমূলে জনাব মোহা. জামিরুল ইসলাম, তৎকালীন সহকারী মহাব্যবস্থাপক (বর্তমানে জোনাল ম্যানেজার-উপমহাব্যবস্থাপক, খুলনা), ঋণ বিভাগ, সদর দফতর, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১২ (সর্বশেষ সংশোধনীসহ) এর বিধি ৩৭ মোতাবেক আনীত ০৪টি অভিযোগের মধ্যে ০৩টি অভিযোগ যথা-"দায়িত্ব পালনে অবহেলা", "অসদাচরণ" এবং "উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কর্মে অনুপস্থিতি" সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং পরবর্তীতে, কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে তার দেশ ত্যাগের (বর্তমানে কানাডাতে অবস্থান করছেন) খবরে পলায়নের অভিযোগটিও বিধি অনুযায়ী সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায়, বিএইচবিএফসি (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১২ (সর্বশেষ সংশোধনীসহ), প্রবিধি ৩৭ এর উপ-প্রবিধি (ক), (খ), (গ) ও (ট) মোতাবেক কর্তৃপক্ষ কর্তৃক তাকে দোষী সাব্যস্ত করা হয়। উক্ত প্রবিধানমালার বিধি ৩৮ (১) (খ) (উ) অনুযায়ী তাকে চাকুরি থেকে কেন বরখাস্ত করা হবে না এর কারণ ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দর্শানোর নির্দেশ প্রদান করে বিগত ২৮.০১.২০২৫ তারিখে এইচবি/এইচও/এডি-৪৩৭(২২)/৬০৪৯ স্মারকমূলে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছাও পোষণ করেননি, তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশ, নোটিশের জবাব প্রদান না করা এবং অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করে কর্তৃপক্ষ কর্তৃক তাকে চাকুরি হতে বরখাস্ত (Dismiss from Service) করার সিদ্ধান্ত গৃহিত হয়; এবং

এক্ষণে সেহেতু, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১২ (সর্বশেষ সংশোধনীসহ) এর ৩৮ (১) (খ) (উ) ধারা মোতাবেক জনাব ইমন ধর (পি.এফ-১১২১), সিনিয়র প্রিন্সিপাল অফিসার, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন, শ্রীমঙ্গল শাখা, শ্রীমঙ্গল-কে তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১২.০৭.২০২২ হতে চাকুরি থেকে বরখাস্ত (Dismiss from Service) করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৯/৫/২০২৫
(আবু বকর সিদ্দিক খান)
উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ

জনাব ইমন ধর (পি.এফ-১১২১)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স
কর্পোরেশন শ্রীমঙ্গল শাখা, শ্রীমঙ্গল।

চলমান পাতা-২

সূত্র নম্বরঃএইচবি/এইচও/এডি-৪৩৭ (২২)/ ৮৯৭৭

তারিখ: ১৯.০৫.২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য-

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা; (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);

০২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা (এমডি মহোদয়ের সদয় অবগতির জন্য);

০৩। উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব,বিএইচবিএফসি, সদর দফতর,ঢাকা (ডিএমডি মহোদয়ের সদয় অবগতির জন্য);

০৪। মহাব্যবস্থাপক, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা (সকল) ----------------------- ;

০৫। উপ-মহাব্যবস্থাপক, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা (সকল) -------------------- (উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন-কে কর্পোরেশনের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ);

০৬। ইউনিট প্রধান, বৈদেশিক অর্থায়ন ও প্রকল্প ইউনিট, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;

০৭। জোনাল ম্যানেজার, বিএইচবিএফসি, জোনাল অফিস, (সকল) -------------------- ;

০৮। জনসংযোগ কর্মকর্তা, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা ;

০৯। শাখা ম্যানেজার, বিএইচবিএফসি, শাখা অফিস, (সকল)--- (সংশ্লিষ্ট ম্যানেজার বরখাস্তকৃত কর্মকর্তা-কে উক্ত আদেশ প্রেরণ নিশ্চিতকরণের অনুরোধসহ);

১০। জনাব এ.কে.এম. শামসুজ্জামান, এস.পি.ও (সংশ্লিষ্ট নথি সংরক্ষণকারী কর্মকর্তা), প্রশাসন, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;

১১। প্রোগ্রামার, আইসিটি (অপারেশন), বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;

১২। সংশ্লিষ্ট প্রিন্সিপাল অফিসার/সিনিয়র অফিসার (বিল/অডিট),………………;

১৩। জনাব ইমন ধর, পিতা- মৃত নিখিলেশ ধর, মাতা- সন্ধ্যা রানী ধর, বাসা নং-১০৩৩, মন্ডলীভোগ (হাসপাতাল রোড), ডাকঘর-ছাতক-৩০৮০, ছাতক পৌরসভা, ছাতক, সুনামগঞ্জ।

১৪। সংশ্লিষ্ট নথি/অফিস আদেশ কপি/মাস্টার কপি।

19.05.2025

(আমান উল্লাহ আমান)
সহকারী মহাব্যবস্থাপক, প্রশাসন